গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৯/২০১৯-২০২০
ঢাকা ২৩ ডিসেম্বর সোমবার ২০১৯, ৮ পৌষ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিশ্ববিদ্যালয় হচ্ছে দেশ ও জাতির আশা আকাঙ্ক্ষার কেন্দ্রস্থল : খুলনা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি

২। দেশের মর্যাদা বৃদ্ধিতে কাজ করুন : নৌবাহিনীর ক্যাডেটদের প্রতি প্রধানমন্ত্রী

৩। নেতা হতে চাইলে মানুষের কাছে যান : গণভবনে নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী

৪। নতুন বছরে মন্ত্রিসভা পুনর্বিন্যাস হতে পারে : সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সেতুমন্ত্রী

৫। আওয়ামী লীগের কাউন্সিল থেকে বিএনপি শিখবে :
অভিনেত্রা এটিএম শামসুজ্জামানকে বিএসএমএমইউতে দেখতে গিয়ে সাংবাদিকদের তথ্যমন্ত্রী

৬। রাজাকারের তালিকা তৈরিতে মুক্তিযোদ্ধাদের সম্পৃক্ত করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী

৭। ভারতের নাগরিকত্ব আইন নিয়ে কোনো অনিশ্চিয়তা তৈরি হলে
তা প্রতিবেশীদের আক্রান্ত করতে পারে : পিটিআইকে পররাষ্ট্রমন্ত্রী

৮। ঢাকার দুই সিটির নির্বাচন ৩০ জানুয়ারি : মনোনয়ন জমার শেষ দিন ৩১ ডিসেম্বর

৯। নিরাপদ খাদ্য নিশ্চিত করা সরকারের অঙ্গীকার : খাদ্যমন্ত্রী

১০। বঙ্গবন্ধুর জন্যই অর্জিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা : জনপ্রশাসন প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **বিশ্ববিদ্যালয় হচ্ছে দেশ ও জাতির আশা আকাঙ্ক্ষার কেন্দ্রস্থল : খুলনা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বিশ্ববিদ্যালয় হচ্ছে দেশ ও জাতির আশা-আকাঙ্ক্ষার কেন্দ্রস্থল। জ্ঞান চর্চার পাশাপাশি মূল্যবোধ লালন, নীতি-নৈতিকতা, দেশপ্রেম উৎসারিত করার শ্রেষ্ঠ ক্ষেত্র। বিশ্ববিদ্যালয়ের কাজ হচ্ছে যুক্তি ও সত্যের অনুসন্ধান, নতুন নতুন জ্ঞান সৃজন এবং মানব কল্যাণে তার ব্যবহার, প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে মানুষের সমস্যা সমাধানসহ দেশ ও জাতি নির্বিশেষে মানবজাতির ভবিষ্যৎ পথের নির্দেশনা। গতকাল (২২ ডিসেম্বর রোববার) খুলনা বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। **দেশের মর্যাদা বৃদ্ধিতে কাজ করুন : নৌবাহিনীর ক্যাডেটদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নৌবাহিনীর কর্মকর্তাদের দেশের সুনাম ও মর্যাদা বৃদ্ধির জন্য সততা, নিষ্ঠা এবং একাগ্রতার সঙ্গে ত্যাগের মনোভাব নিয়ে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে বলেছেন, ‘আজকে আপনারা যারা কঠোর প্রশিক্ষণের পর কাজে যোগ দেবেন তাদের সব সময় মনে রাখতে হবে যে আত্মত্যাগের মন্ত্রে উজ্জীবিত হয়ে সততা, নিষ্ঠা এবং একাগ্রতার সঙ্গে দায়িত্ব পালন করে আপনারা দেশের মানসম্মান আরো উজ্জ্বল করবেন। গতকাল (২২ ডিসেম্বর রোববার) পতেঙ্গায় বাংলাদেশ নৌবাহিনী একাডেমিতে ‘মিডশিপ-ম্যান-২০১৭ আলফা’ এবং ‘ডাইরেক্ট এন্ট্রি অফিসার-২০১৯ ব্রাভো’ ব্যাচের শিক্ষা সমাপনী উপলক্ষে বিদায়ি ক্যাডেটদের রাষ্ট্রপতি কুচকাওয়াজ, ২০১৯ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

৩। **নেতা হতে চাইলে মানুষের কাছে যান : গণভবনে নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তৃণমূল হলো আওয়ামী লীগের প্রাণ। তৃণমূল সবসময়ই ঠিক সিদ্ধান্ত নিয়েছে। আওয়ামী লীগকে কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত আরো শক্তিশালী ও সুসংগঠিত করে তোলা হচ্ছে। গতকাল (২২ ডিসেম্বর রোববার) গণভবনে বিভিন্ন জেলা থেকে আসা কাউন্সিলরদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫),**এশিয়ার এজ** (পৃ.১,ক.৭)।

৪। **নতুন বছরে মন্ত্রিসভা পুনর্বিন্যাস হতে পারে : সাংবাদিকদের সঙ্গে আলাপকালে সেতুমন্ত্রী**

আগামীকাল মঙ্গলবার আওয়ামী লীগের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি ঘোষণা করার সম্ভাবনা রয়েছে। গতকাল (২২ ডিসেম্বর রোববার) সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, আগামীকাল ২৪ ডিসেম্বর মঙ্গলবার দলের সভাপতিণ্ডলীর বৈঠক আছে। সেখানে আলাপ-আলোচনার পর দলের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হবে বলে আশা করা যাচ্ছে। নতুন বছরে মন্ত্রিসভা পুনর্বিন্যাস হতে পারে বলেও জানান তিনি। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

৫। **আওয়ামী লীগের কাউন্সিল থেকে বিএনপি শিখবে :**
**অভিনেত্রা এটিএম শামসুজ্জামানকে বিএসএমএমইউতে দেখতে গিয়ে সাংবাদিকদের তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, আমরা আশা করি, আওয়ামী লীগের কাউন্সিল থেকে বিএনপি শিখবে এবং যে দুর্বৃত্তচক্রে বিএনপির রাজনীতি আটকা পড়েছে, সেখান থেকে তারা বেরিয়ে আসবে। গতকাল (২২ ডিসেম্বর রোবরার) রাজধানীর শাহবাগে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অভিনেতা এটি এম শামসুজ্জামানকে দেখার পর উপস্থিত সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, এটিএম শামসুজ্জামান তাঁর অনবদ্য অভিনয়ের জন্য ৮ ডিসেম্বর জাতীয় চলচ্চিত্রে আজীবন সম্মাননা পেয়েছেন। প্রধানমন্ত্রী তাঁর চিকিৎসার জন্য সবকিছু করছেন। তিনিই আমাকে পাঠিয়েছেন তাঁকে দেখতে। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**৬।　রাজাকারের তালিকা তৈরিতে মুক্তিযোদ্ধাদের সম্পৃক্ত করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

রাজাকারের তালিকা তৈরি করতে মুক্তিযোদ্ধা সংসদকে সম্পৃক্ত থাকার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেছেন, মুক্তিযোদ্ধারা রাজাকারের সঠিক তালিকা তৈরি করতে সহায়ক ভূমিকা পালন করতে পারেন। এজন্য মুক্তিযোদ্ধা সংসদকে এ কাজে সম্পৃক্ত করতে হবে। গতকাল (২২ ডিসেম্বর রোববার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল নির্বাচন প্রস্তুতি কমিটি আয়োজিত এক সমাবেশে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৭।　ভারতের নাগরিকত্ব আইন নিয়ে কোনো অনিশ্চিয়তা তৈরি হলে তা প্রতিবেশীদের আক্রান্ত করতে পারে : পিটিআইকে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, ভারতের নাগরিকত্ব সংশোধিত আইন (সিএএ) এবং জাতীয় নাগরিকপঞ্জি (এনআরসি) দেশটির অভ্যন্তরীণ ইস্যু। তবে এ দুই ইস্যুতে দেশটিতে কোনো ধরনের অনিশ্চয়তা তৈরি হলে তা প্রতিবেশি দেশগুলোকেও আক্রান্ত করতে পারে। গতকাল (২২ ডিসেম্বর রোববার) ভারতীয় বার্তা সংস্থা পিটিআইকে দেওয়া এক সাক্ষাৎকালে তিনি এ কথা জানান। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**৮।　ঢাকার দুই সিটির নির্বাচন ৩০ জানুয়ারি : মনোনয়ন জমার শেষ দিন ৩১ ডিসেম্বর**

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) নির্বাচন আগামী ৩০ জানুয়ারি অনুষ্ঠিত হবে। গতকাল (২২ ডিসেম্বর রোববার) নির্বাচন কমিশন ভবনে এ দুই সিটি নির্বাচনের তফশিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। এবারে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) নির্বাচন অনুষ্ঠিত হবে। ঐদিন সকাল আটটা থেকে বিকাল চারটা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। সিইসি কে এম নূরুল হুদা জানান, নির্বাচনে প্রার্থীদের মনোনয়ন দাখিলের শেষ সময় ৩১ ডিসেম্বর। মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হবে ২ জানুয়ারি। প্রার্থিতা প্রত্যাহার ৫ জানুয়ারি। প্রতীক বরাদ্দ করা হবে ১০ জানুয়ারি। মেয়র পদে প্রার্থীরা দলীয় প্রতীকে ভোট করতে পারবেন, তবে সাধারণ কাউন্সিলর ও সংরক্ষিত আসনে কাউন্সিলর পদে ভোট হবে নির্দলীয় প্রতীকে। সূত্র : **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**৯।　নিরাপদ খাদ্য নিশ্চিত করা সরকারের অঙ্গীকার : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, আওয়ামী লীগের ইস্তেহারে জনগণের নিরাপদ খাদ্য নিশ্চিত করার কথা উল্লেখ রয়েছে। তাই আমরা আপনাদের সঙ্গে নিয়েই জনগণের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করব। এটাই আমাদের অঙ্গীকার। গতকাল (২২ ডিসেম্বর বোরবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত 'ঢাকা শহরের হোটেল-রেস্তোরা, বেকারী ও মিষ্টির কারখানার গ্রেডিং প্রদান' শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৩,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১০।　বঙ্গবন্ধুর জন্যই অর্জিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশকে বিশ্বের বুকে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেছেন। তিনি জাতিসংঘে বাংলায় বক্তৃতা করেছেন। বাংলা ভাষার মর্যাদা তিনি বিশ্বের কাছে তুলে ধরেছেন। বঙ্গবন্ধুর জন্যই এ দেশের স্বাধীনতা অর্জন সম্ভব হয়েছে। গতকাল (২২ ডিসেম্বর রোববার) বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** গত কয়েক দিনের শৈত্যপ্রবাহে সারাদেশে জনজীবনে ছন্দপতন দেখা দিয়েছে উল্লেখ করে সারাদেশে শীতবস্ত্র প্রদানের মতো মহতী সামাজিক উদ্যোগের ব্যাপকতা কামনা।

খ. **যায়যায়দিন :** আওয়ামী লীগের দু'দিনব্যাপী ২১তম জাতীয় সম্মেলন শেষে গঠিত নতুন কমিটিকে অভিনন্দন জানিয়ে নবনির্বাচিত কমিটি গণমানুষের আস্থা অর্জনের পাশাপাশি দেশকে আরও এগিয়ে নিয়ে যাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সংবাদ :** দেশের গবাদিপশু মশাবাহিত লাম্পি স্কিন নামে নতুন এক রোগের আক্রমণের মুখে পড়েছে উল্লেখ করে জরুরি ভিত্তিতে রোগটি নিয়ন্ত্রণের উদ্যোগ নেওয়ার সুপারিশ।।

ঘ. **বণিক বার্তা :** রাষ্ট্রায়ত্ত ব্যাংক বেসিকের শোচনীয় অবস্থার কথা উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **ঢাকা ট্রিউউন :** দুর্নীতির বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তথ্য প্রযুক্তিতে উন্নত আধুনিক ডিজিটাল বাংলাদেশ গড়াই হবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার বাস্তব রূপায়ণ।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা